গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়
চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড
চট্টগ্রাম সেনানিবাস
**(প্রশাসন শাখা)**
www.cbctg.gov.bd

নং- ২৩.২২.০০০০.৭০৪.০১১.০৮.০০০৫.২৪.৫২

তারিখ: ০৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: **অবসর গ্রহণের অনুমোদনসহ অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর ও পাওনা ছুটির পরিবর্তে নগদায়ন মঞ্জুরের আবেদনপত্র অগ্রগামীকরণ।**

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ কার্যালয় পরিচালিত শহীদ লেঃ জিএম মুশফিক বীর উত্তম উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক (গণিত) জনাব তালেব মোঃ নাজিম উদ্দিন এরশাদ এর জন্ম তারিখ ০৪ মার্চ ১৯৬৭খ্রি. অনুযায়ী ০৩ মার্চ ২০২৬ খ্রি. তারিখে তাঁর বয়স ৫৯ বছর পূর্ণ হবে বিধায় তিনি আগামী ০৪ মার্চ ২০২৬ খ্রি. তারিখ হতে অবসর গ্রহণের অনুমোদনসহ অবসরোত্তর ছুটি মঞ্জুরের জন্য ০১ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখ আবেদন করেন। তিনি বিগত ২৩ ফেব্রুয়ারি ১৯৯৭ খ্রি. তারিখ সহকারী শিক্ষক (অংক) পদে নিয়োগ লাভ করেন। বর্তমানে তিনি অর্ধগড় বেতনে ০১ বছর ১১ মাস ০১ দিন ছুটি পাওনা আছেন।

২। তিনি অর্ধগড় বেতনে প্রাপ্য ছুটি ০১ বছর ১১ মাস ০১ দিন হতে ১২ মাস অবসরোত্তর ছুটি (পিআরএল) ভোগ করবেন। বিধিমতে তিনি ১১ মাস ০১ দিন দিনের ছুটির পরিবর্তে নগদায়ন প্রাপ্য। সে মতে অবসরোত্তর ছুটিতে (পিআরএল) গমনের পূর্ব মাসের মূলবেতন ৫৭,৫১০/- (সাতান্ন হাজার পাঁচশত দশ) টাকা হিসেবে (৫৭,৫১০/- ÷ ২) = ২৮,৭৫৫/- × ১১ মাস ০১ দিন = ৩,১৭,২৬৪/- (তিন লক্ষ সতেরো হাজার দুইশত চৌষট্টি) টাকা এককালীন ছুটি নগদায়ন বাবদ প্রাপ্য।

৩। সংশ্লিষ্ট শিক্ষক তার আবেদনে উল্লেখ করেন যে, তার কোনো পাসপোর্ট নাই এবং তিনি কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে বহির্বাংলাদেশ গমণ করেননি বিধায় প্রত্যয়ন করেন

৪। এমতাবস্থায়, সংশ্লিষ্ট শিক্ষকের অবসরোত্তর ছুটি (পিআরএল) ও পাওনা ছুটির পরিবর্তে নগদায়ন মঞ্জুরের জন্য তার স্ব-ব্যাখ্যাত আবেদনপত্র, ছুটির হিসাবসহ সার্ভিস বহি, নিয়োগপত্র, যোগদান আদেশ, চাকুরি স্থায়ীকরণ, পেনশন অপশন পত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি সত্যায়নপূর্বক মহোদয়ের সদয় পরবর্তী কার্যার্থে সুপারিশসহ এতদসংগে অগ্রায়ণ করা হলো।

সংযুক্তিঃ
১। সার্ভিস বহি (বাঁধাইকৃত) - ০১ (এক) টি।
২। আবেদনপত্রসহ অন্যান্য কাগজাদি - পাতা।

(সাইদুজ্জামান চৌধুরী)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
চট্টগ্রাম সেনানিবাস।
ফোন নম্বর-০২৩৩৯২৪৩১৬২
E-mail: ceo_chattogram@dmlc.gov.bd
cbchittagong@gmail.com

মহাপরিচালক
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।

নং- ২৩.২২.০০০০.৭০৪.০১১.০৮.০০০৫.২৪.৫২

তারিখ: ০৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
০১। প্রধান শিক্ষক, শহীদ লেঃ জিএম মুশফিক বীর উত্তম উচ্চ বিদ্যালয়, হালিশহর, চট্টগ্রাম।
০২। সহকারী সচিব, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাস।
০৩। জনাব তালেব মোঃ নাজিম উদ্দিন এরশাদ, সহকারী শিক্ষক (গণিত), শহীদ লেঃ জিএম মুশফিক বীর উত্তম উচ্চ বিদ্যালয়, হালিশহর, চট্টগ্রাম।
০৪। হিসাব রক্ষক, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাস।
০৫। উচ্চমান সহকারী, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাস।
০৬। আইসিটি সেল, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাস। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
০৭। ব্যক্তিগত নথি/সংশ্লিষ্ট নথি।

১৮/০১/২০২৬

(সাইদুজ্জামান চৌধুরী)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার